শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.skt.gov.bd

বিষয়ঃ শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তরের কর্মকর্তা/কর্মচারী ও শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকগণের সমন্বয়ে আয়োজিত মার্চ-২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | পরিচালক (অতিঃ দায়িত্ব) শিশু কল্যাণ ট্রাস্ট ও অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| তারিখ | : | ০২ মার্চ ২০২১ খ্রি: |
| সময় | : | বেলা ১১:৩০ হইতে ১:৩০ ঘটিকা পর্যন্ত। |
| স্থান | : | ভার্চুয়াল প্লাটফরম। |

সভার শুরুতে সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে উপপরিচালক,শিশু কল্যাণ ট্রাস্ট উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অদ্যকার সভার আলোচ্যসূচিভিত্তিক গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে বর্ণিত হলো।

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারি |
|---|---|---|---|---|
| ১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | ০৭/০২/২০২১খ্রি. তারিখের ফেব্রুয়ারি মাসের সভার কার্যবিবরণী পাঠ করা ও আলোচনা করা হয়। | কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। | |
| ২ | কভিড-১৯ মোকাবেলা করে বিদ্যালয় খোলার পরিকল্পনা ও শিখনঘাটতি পূরণ। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তক্রমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত নির্দেশনা ও পরিকল্পনা প্রেরণ করা হয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ন্যায় শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহে উক্ত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বর্ণিত বিষয়ে গত ২৮/০২/২০২১ তারিখে শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তর হতে প্রতিটি বিদ্যালয়ের ই-মেইলে পত্র প্রেরণ করা হয়েছে। সকল শিক্ষক/কর্মচারী উক্ত নির্দেশনা পাঠ করবেন এবং যথাযথ অনুসরণ করে বিদ্যালয় খোলার পূর্ব প্রস্তুতি নেবেন। শিখনঘাটতি দূরীকরণের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করে পাঠদানের প্রস্তুতি নেবেন। | প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল) |
| ৩ | জাতির জনকের জন্ম শতবার্ষিকী, ঐতিহাসিক ও জাতীয় দিবস সমূহ পালন সংক্রান্ত | চলমান বছরে জাতির জনকের জন্ম শতবার্ষিকী উদযাপন, ঐতিহাসিক ৭ই মার্চ, ১৭ই মার্চ ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তক্রমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত নির্দেশনা মোতাবেক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ন্যায় শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহ বর্ণিত দিবসগুলো যথাযথভাবে পালন করবে। | প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল) |
| ৪ | কর্মস্থলে অবস্থান করা। | কোভিড-১৯ এর কারণে বিদ্যালয় বন্ধ থাকলেও সকল কর্মকর্তা, শিক্ষক-কর্মচারীকে কর্মস্থলে অবস্থানের নির্দেশনা রয়েছে বিধায় তা যথাযথভাবে প্রতিপালন করা এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ছুটি মঞ্জুর ও কর্মস্থল ত্যাগের অনুমোদন সাপেক্ষে ছুটি ভোগ ও কর্মস্থল ত্যাগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (ক) কোভিড-১৯ এর কারণে বিদ্যালয় বন্ধ থাকলেও সকল শিক্ষক-কর্মচারীকে নির্দেশনা অনুযায়ী কর্মস্থলে আবশ্যিকভাবে অবস্থান করে দাপ্তরিক কাজে অংশগ্রহণ করতে হবে। প্রেরিত কর্মপরিকল্পনা যথাযথ অনুসরণ করে শিক্ষকগণকে বিদ্যালয় খোলার পূর্ব প্রস্তুতিমূলক সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ছুটি মঞ্জুর ও কর্মস্থল ত্যাগের অনুমোদন সাপেক্ষে ছুটি ভোগ ও কর্মস্থল ত্যাগ করতে হবে। | প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল) |
| ৫ | শিক্ষার্থী ভর্তি বৃদ্ধিকরণ। | হোম ভিজিটের মাধ্যমে বর্তমান শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রীভর্তি বৃদ্ধির ব্যবস্থা নেয়ার বিষয়ে আলোচনা হয়। | হোম ভিজিটের মাধ্যমে শিক্ষার্থী ভর্তি বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। যে সকল বিদ্যালয়ে শিক্ষার্থী ১০০ (একশত) জনের নীচে তাঁদের শিক্ষার্থী বৃদ্ধির জোর তৎপরতা চালাতে হবে এবং শিক্ষার্থীর সংখ্যা অন্তত:১৫০ (একশত পঞ্চাশ) জনে উন্নীত করতে হবে। অন্যথায় বিধিমাফিক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। | প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল) |

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারি |
|---|---|---|---|---|
| ৬ | বিদ্যালয় খোলার বিষয়ে পূর্ব প্রস্তুতি গ্রহণ। | সরকার বিদ্যালয় খোলার সিদ্ধান্ত গ্রহণ করলে পূর্বথেকেই বিদ্যালয় পাঠদান উপযোগী করার প্রস্তুতি গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত ও শিশু কল্যাণ ট্রাস্ট প্রেরিত পত্র অনুসরণ করা প্রয়োজন। | বিদ্যালয় খোলার পূর্বে এবং বিদ্যালয়ে পাঠদান পরিচালনাকালে অনুসরণীয় স্বাস্থ্যবিধি সংক্রান্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও শিশু কল্যাণ ট্রাস্ট কর্তৃক প্রেরিত পত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে। | প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল) |
| ৭ | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের পাঠ সমাপ্তকারী শিক্ষার্থীদের সফলতা সংক্রান্ত। | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় হতে শিক্ষা গ্রহণকারী ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা প্রতিষ্ঠিত হয়েছে তাদের নামের তালিকা ট্রাস্ট অফিসে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় হতে শিক্ষা গ্রহণকারী ছাত্র-ছাত্রীদের মধ্যে সু-প্রতিষ্ঠিত ছাত্র-ছাত্রীদের তালিকা আগামী ১১/০৩/২০২১ তারিখের মধ্যে ট্রাস্ট দপ্তরে প্রেরণ করতে হবে। পরিস্থিতি বিবেচনায় অবস্থার উল্লেখযোগ্য উন্নয়ন করলে তা যত ক্ষুদ্রই হোক তাদের তালিকা প্রদান করে মন্তব্য লিখতে হবে। | প্রধান শিক্ষক (সকল) |
| ৮ | বিদ্যালয়ের জমি সংক্রান্ত | যে সকল বিদ্যালয়ের নিজস্ব জমি নাই সে সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ সংশ্লিষ্ট ভূমি অফিস হতে তথ্য সংগ্রহ করে দাগ ও খতিয়ান ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট জেলা প্রশাস্ক বরাবর অকৃষি খাস জমি প্রতীকী মূল্যে দীর্ঘ মেয়াদী বন্দোবস্তের জন্য আবেদন করত: অগ্রগতি প্রতি মাসে ট্রাস্ট অফিসকে অবহিত করা এবং উপজেলায় অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসক বরাবর আবেদনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | যে সকল বিদ্যালয়ের নিজস্ব জমি নাই সে সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ সংশ্লিষ্ট ভূমি অফিস হতে তথ্য সংগ্রহ করে দাগ ও খতিয়ান ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর অকৃষি খাস জমি প্রতীকী মূল্যে দীর্ঘমেয়াদী বন্দোবস্তের জন্য আবেদন করত: অগ্রগতি প্রতি মাসে ট্রাস্ট অফিসকে অবহিত করতে হবে।<br>উপজেলায় অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসক বরাবর আবেদন করতে হবে। | প্রধান শিক্ষক (সকল) |
| ৯ | নিয়মিত ই-মেইল, ফেইস-বুক ও ম্যাসেঞ্জার চেক করা | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের অনেক গুরুত্বপূর্ণ তথ্য ই-মেইল, ফেইস-বুক ও ম্যাসেঞ্জারে প্রদান করা হয় বিধায় নিয়মিত চেক করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের অনেক গুরুত্বপূর্ণ তথ্য ই-মেইল, ফেইস-বুক ও ম্যাসেঞ্জারে প্রদান করা হয় বিধায় নিয়মিত তা চেক করার সিদ্ধান্ত গৃহীত হয়। শিক্ষকবৃন্দ সবগুলো বিষয় স্পষ্টভাবে জানাবেন ও সঠিক ব্যবহার করবেন। | প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল) |
| ১০ | বিদ্যালয়ের নামের সাথে বিদ্যালয়ের ক্রমিক নম্বর ও ঠিকানা ব্যবহার করা | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের নামের সাথে বিদ্যালয়ের ক্রমিক নম্বর ও ঠিকানা ব্যবহারের বিষয়ে আলোচনা হয়। | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় হতে সকল প্রকার পত্র যোগাযোগের ক্ষেত্রে নামের সাথে বিদ্যালয়ের ক্রমিক নম্বর ও ঠিকানা ব্যবহার করতে হবে। ভার্চুয়াল মিটিংয়ে উক্ত মোবাইলে ব্যবহার করে অংশ নিতে হবে। | প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল) |
| ১১ | বিবিধঃ<br>(ক) রিপোর্ট রিটার্ণ এবং চাহিত তথ্য যথাসময়ে দাখিল করা। | (ক) শিশু কল্যাণ ট্রাস্ট এর কায়ক্রম সহজ, গতিশীলি ও আধুনিকায়ন করার স্বার্থে চাহিত সকল প্রকার তথ্য যথা সময়ে ট্রাস্ট দপ্তরে প্রেরণ করতে হবে। এ জন্য সকল প্রধান শিক্ষক তাদের মোবাইল সর্বদা খোলা রাখবেন। | | প্রধান শিক্ষক (সকল) |
| | (খ) যে কোন আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ সংক্রান্ত। | (খ) শিশু কল্যাণ প্রথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীদের যে কোন আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ট্রাস্ট দপ্তরে প্রেরণ করতে হবে। অন্যথায় তা গ্রহণযোগ্য হবে না। | | প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল) |

| ক্র. নং | বিষয় | আলোচনা | বাস্তবায়নকারি |
|---|---|---|---|
| | (গ) শিক্ষকদের পাঠাভ্যাস বৃদ্ধি। | (গ) শিশু কল্যান প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষককে অব্যাহত শিক্ষার (Continuous Learning) অংশ হিসেবে বিভিন্ন বিষয়ে পাঠাভ্যাস বৃদ্ধি করতে হবে। | প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল) |
| | (ঘ) জেলা এবং উপজেলায় অনুষ্ঠিত মাসিক ও সাপ্তাহিক সভায় অংশগ্রহণ। | (ঘ) জেলা এবং উপজেলা শিক্ষা অফিস কর্তৃক আয়োজিত সভাসমূহে প্রধান শিক্ষকগণকে নিয়মিত অংশগ্রহণ করতে হবে এবং সরকারি নির্দেশনা অনুসরণ করতে হবে। কোন সমস্যা থাকলে ট্রাস্ট দপ্তরকে অবহিত করতে হবে। | প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল) |
| | (ঙ) শিক্ষার্থীদের প্রোফাইল তৈরী। | (ঙ) বিদ্যালয়ের সকল শিক্ষার্থীর জন্য বিধিমাফিক প্রোফাইল তৈরী করতে হবে। | প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল) |
| | (চ) বিদ্যালয়ে বাংলা ও ইংরেজী অভিধান রাখা | (চ) বিদ্যালয়ে বাংলা ও ইংরেজী অভিধান রাখতে হবে ও ব্যবহার করতে হবে। | প্রধান শিক্ষক (সকল) |
| | (ছ) গণিত অলিম্পিয়াডে অংশগ্রহণ। | (ছ) শিশু কল্যান প্রাথমিক বিদ্যালয়-৩৯, গাইবান্ধা সদর এর সহকারি শিক্ষক জনাব মোছাঃ মাছুদা আক্তার গণিত অলিম্পিয়াডে অংশগ্রহণ করে সনদ অর্জন করায় তাকে ধন্যবাদ দেয়া হয়। | প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল) |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি অংশগ্রহণকারী সকল প্রধান শিক্ষকদেরকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/৩/২০২১

(সোহেল আহমেদ)
পরিচালক (অতিঃ দায়িত্ব)
শিশু কল্যাণ ট্রাস্ট
ও
অতিরিক্ত মহাপরিচালক (অতিঃসচিব)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
ফোন: ৫৫০৭৪৮৮১
ই-মেইল:director@skt.gov.bd

স্মারকনং-৩৮.০১.০০০০.০২০.০১.০৫৩.২০-৭৩৪

তারিখঃ ২৩ ফাল্গুন ১৪২৭বঃ / ০৮ মার্চ ২০২১ খ্রিঃ

বিতরণ: অবগতি ও কার্যার্থে ।

১। উপ-পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
২। সহকারি পরিচালক (শিক্ষা), শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
৩। সহকারি পরিচালক (প্রশা: ও অর্থ), শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা ।
৪। প্রশাসনিক কর্মকর্তা, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
৫। উপ-সহকারী প্রকৌশলী, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
৭। অফিস সহকারি (প্রশাসনিক/শিক্ষা), শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
৮। পি এ টু পরিচালক/উপপরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
৯। কম্পিউটার অপারেটর, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
১০। প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় (সকল)।

সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো।

১।সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২।মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৩।জেলা প্রশাসক (সকল)।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট)।
৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
৬। উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট)।
৭। সংরক্ষণ কপি।